

মুজিব বর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশিক্ষণ শাখা-১
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০০০.৯৯.০০৬.২১-১২৭

তারিখঃ ১৮ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
০২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিএমইটি'র আওতাধীন টিটিসি ও আইএমটি বা উহার কোনো ভবন বিশিষ্ট ব্যক্তি/দাতার নামে নামকরণ সংক্রান্ত নীতিমালা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র (বিএমইটি) আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) ও ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি) বা উহার কোনো ভবন বিশিষ্ট ব্যক্তি/দাতার নামে নামকরণের ক্ষেত্রে নিম্নরূপ শর্তসমূহ অনুসরণ করা হবেঃ

(১) সরকার স্বীয় উদ্যোগে দেশের যে কোনো বিশিষ্ট ব্যক্তির নামে যে কোনো টিটিসি/আইএমটি অথবা এর কোনো ভবনের নামকরণ করতে পারবে;

(২) আগ্রহী কোনো ব্যক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁর বা তাঁর মনোনীত ব্যক্তির নামে কোনো নতুন টিটিসি/ আইএমটি'র বা উহার কোনো ভবনের নামকরণের ক্ষেত্রে নিম্নলিখিত নীতি অনুসরণ করা হবেঃ

(ক) আগ্রহী ব্যক্তি বা যার নামে প্রতিষ্ঠানের নামকরণের প্রস্তাব দেওয়া হবে তাঁকে সামাজিক ও রাজনৈতিকভাবে সুনামের অধিকারী হতে হবে। রাষ্ট্র বা দেশের স্বাধীনতা বিরোধী কর্মকাণ্ডে যুক্ত আছেন, বা ছিলেন, কিংবা কোনো আদালতে নৈতিক স্বল্পনজমিত (Moral turpitude) কোনো অপরাধে অভিযুক্ত হয়েছেন এমন কোন ব্যক্তির আবেদন বা ব্যক্তির নামে নামকরণের প্রস্তাব গ্রহণযোগ্য হবে না।


(খ) আবেদনকারী ব্যক্তিকে প্রস্তাবিত প্রতিষ্ঠানটি যে জমিতে প্রতিষ্ঠিত হবে, উক্ত প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় নিম্নলিখিত জমি সরকারের অনুকূলে দান করতে হবে। এই দানের ক্ষেত্রে বিদ্যমান Standard Operating Procedure (SOP) অনুসৃত হবে। উল্লেখ্য, বর্তমানে একটি টিটিসি/আইএমটি প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় ন্যূনতম জমির পরিমাণ ১.৫০ (দেড়) একর।

(গ) প্রদত্ত জমি প্রস্তাবিত টিটিসি/আইএমটি'র জন্য উপযুক্ত বিবেচিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির (আবেদনকারী/যার নামে নামকরণের প্রস্তাব করা হয়েছে) বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের ইতিবাচক সুপারিশের প্রেক্ষিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে।

(ঘ) জমিদানের বিপরীতে উক্ত প্রতিষ্ঠান বা উক্ত প্রতিষ্ঠানের ভবনের নামকরণ ব্যতীত উক্ত প্রতিষ্ঠানের উপর সংশ্লিষ্ট ব্যক্তি/তাঁর কোনো ওয়ারিশের অন্য কোনো স্বত্ত্ব বা অধিকার থাকবে না।

(৩) নামকরণের প্রস্তাব মন্ত্রণালয় কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে এবং অনুমোদিত হওয়ার পর মন্ত্রণালয় এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করবে।

০২। জনস্বার্থে এ নীতিমালা জারী করা হলো।


০২.০৮.২০২১

(মোঃ সিদ্দিকুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ০২-৪১০৩০২৬০


E-mail: dstraining1@probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০০০.৯৯.০০৬.২১-১২৭

তারিখঃ ১৮ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
০২ আগষ্ট, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার,
- ০৪। জেলা প্রশাসক,
- ০৫। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সিস্টেম এনালিস্ট (আইটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।


০২.০৬.২০২১

(মোঃ সিদ্দিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব